Somebodyelse'schild

National Private Fostering Campaign

অন্য কারোর বাচ্চা

ন্যাশনাল প্রাইভেট ফস্টারিং কেমপেইন

প্রাইভেট ফস্টারিং বলতে কি বোঝানো হয় তা ব্যাখ্যা করা হয়েছে

প্রাইভেট ফস্টার কেয়ারারকে যে আইনগুলো মেনে চলতে হবে

তুমি কি একজন প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে রয়েছ?

আপনি কি একজন প্রাইভেট ফস্টার কেয়ারার?

কোনো বাচ্চা প্রাইভেট ফস্টারের অধীনে রয়েছে জানতে পারলে
কি কি করতে হবে?

প্রাইভেট ফস্টারিং কি?

যখন 16 বছরের নিচের (ডিজেবোল্ড হলে 18 বছরের নিচের) কোনো বাচ্চাকে তার নিজের মা-বাবা কিংবা ‘নিকট আত্মীয়’ ছাড়া অন্য কেউ দেখাশোনা বা লালন পালন করেন তখন তাকে বলা হয় প্রাইভেট ফস্টারিং। এটি বাচ্চার মা/বাবা এবং লালন পালনকারীর মধ্যে 28 বা বেশি দিন বাচ্চাকে দেখাশোনা করার ব্যাপারে ব্যক্তিগত ভাবে সম্পন্নকৃত একটি চুক্তি। ‘নিকট আত্মীয়’ বলতে বোঝানো হয় সৎ মা/সৎ বাবা, দাদা/দাদী/নানা/নানী, ভাই, বোন, চাচা/মামা/খালু/ফুপা বা ফুপু/খালা/চাচী/মামী (সম্পূর্ণ রক্তের, অর্ধ রক্তের বা বিবাহ সূত্রে আত্মীয়)।

প্রাইভেট ফস্টারিং বলতে কি বোঝানো হয়?

যখন ১৬ বছরের নীচে (ডিসেবল হলে ১৮ বছরের নীচে) কোনো বাচ্চা তার মা/বাবা কিংবা অভিভাবকের ও কেয়ারারের (হেফাজতকারীর) মধ্যে সম্পন্নকৃত একটি ব্যক্তিগত চুক্তির ভিত্তিতে নিজের মা-বাবা, ঘনিষ্ঠ সম্পর্কের আত্মীয় বা আইনানুগ অভিভাবক ছাড়া অন্য কারোর হেফাজতে 28 বা বেশি দিন থাকে, তখন তাকে বলা হয় প্রাইভেট ফস্টারিং। ঘনিষ্ঠ সম্পর্কের আত্মীয় বলতে বোঝায় সৎ মা/সৎ বাবা, দাদা/দাদী/নানা/নানী, ভাই, বোন, চাচা বা ফুফু (সম্পূর্ণ রক্ত সম্পর্ক, অর্ধেক রক্ত সম্পর্ক বা বিবাহ কিংবা সিভিল পার্টনারশিপের ভিত্তিতে সম্পর্ক যাই হোক না কেন)।

প্রাইভেট ফস্টার কেয়ারারকে যে আইনগুলো মেনে চলতে হবে

যদি কেউ প্রাইভেট ফস্টার কেয়ারার হন অর্থাৎ অন্য কারোর বাচ্চাকে 28 বা বেশি দিন দেখাশোনা করেন তবে আইন অনুযায়ী লোক্যাল কাউন্সিলকে তিনি তা জানাতে বাধ্য থাকবেন।

প্রাইভেট ফস্টারিং চুক্তি সম্পর্কে লোক্যাল কাউন্সিলকে না জানালে তা দন্ডনীয় অপরাধ হিসাবে গন্য হবে।

তুমি কি একজন প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে রয়েছ?

যদি তোমার মা-বাবা অথবা ঘনিষ্ঠ সম্পর্কের কেউ অন্য কারোর হেফাজতে তোমাকে দিয়ে 28 বা আরো বেশি দিন তার নিজের বাচ্চার মত তোমাকে দেখাশোনা করার অনুরোধ করেন, তবে বুঝতে হবে যে তুমি প্রাইভেট ফস্টার কেয়ারারের **হেফাজতে রয়েছ।**
যে লোকটি তার নিজের ঘরে তোমাকে লালন পালন করছেন সেই লোকটিকে বলা হয় **প্রাইভেট ফস্টার কেয়ারার।**

তোমাকে কে দেখাশোনা করছেন এবং তুমি কোথায় থাকছ তা যাদের জানা থাকা দরকার

যদি তুমি তোমার নিজের পরিবারে না থেকে অন্য কোনো পরিবারের সাথে থাক, তবে লোক্যাল কাউন্সিলের জানা প্রয়োজন তোমাকে কে দেখাশোনা করছেন এবং তুমি কোথায় থাকছ। তোমার নিরাপত্তার জন্যই তাদের তা জানা দরকার। এতে লোক্যাল কাউন্সিল তোমার ও তোমার মত প্রতিটি বাচ্চার নিরাপত্তা এবং যথাযথ সেবাযত্ন নিশ্চিত করে নিতে পারবেন।

তোমার প্রাইভেট ফস্টার কেয়ারার তোমার জন্য যা যা করতে বাধ্য থাকবেন

প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে থাকাকালে তোমার ফস্টার কেয়ারার তার নিজের বাচ্চার মতই তোমার দেখাশোনা করতে বাধ্য থাকবেন। কোনো একজন মা তার নিজের সন্তানদের জন্য প্রতিদিন যা যা করেন, তার সবগুলো তোমার বেলায় করতেও তিনি বাধ্য থাকবেন। নিচে ফস্টার কেয়ারারের কিছু মৌলিক দায়িত্ব আমরা তুলে ধরলাম:

- তোমাকে প্রতিবেলার যেমন নাস্তা, দুপুরের ও রাতের খাবার দিতে বাধ্য থাকবেন
- তোমার চুল এবং ত্বকের যথাযথ যত্ন নেবেন
- তোমাকে গরম ও পরিষ্কার জামাকাপড় পরতে দেবেন এবং তোমাকে একটি পৃথক বিছানায় ঘুমাতে দেবেন
- তোমাকে নিয়মিত ভাবে স্কুলে পাঠাবেন যাতে করে তুমি লেখাপড়া চালিয়ে যেতে পারো
- অসুখ বিসুখ হলে বা আহত হলে বা প্রতিষেধক টিকার দরকার হলে ডাক্তারের কাছে কিংবা হাসপাতালে নিয়ে যাবেন
- ডেন্টিস্টের কাছে নিয়ে যাবেন যাতে তোমার দাতেঁর যথাযথ যত্ন নেওয়া হয়
- তুমি যাতে বন্ধুত্ব গড়ে তুলতে পারো এবং তোমার পছন্দের খেলাধূলা বা শখের কাজগুলো করতে পারো তা নিশ্চিত করে নেবেন
- তোমার পরিবারের সাথে যোগাযোগ রক্ষায় সাহায্য করবেন
- তোমার ও তোমার পরিবারের কাছে গুরুত্বপূর্ণ ধর্মীয় কাজকর্ম এবং রীতিনীতি অনুসরণে সাহায্য করবেন।

তোমার ও তোমার পরিবারের কাছে যে যে জিনিষ গুরুত্বপূর্ণ সেগুলো তোমার প্রাইভেট ফস্টার কেয়ারার সম্মান করতে বাধ্য থাকবেন। যদি নির্দিষ্ট সময়ে ধর্মীয় প্রার্থনা করার দরকার হয় বা বিশেষ ধরনের খাবার খেতে হয় তবে তোমার প্রাইভেট ফস্টার কেয়ারার তা শ্রদ্ধা করতে ও তাতে

তোমাকে সাহায্য করতে বাধ্য থাকবেন। তোমার নিজের সংস্কৃতি সম্পর্কে শিক্ষা লাভ করার এবং তোমার মাতৃভাষাভাষী কমিউনিটির সাথে দেখাসাক্ষাত করার সুযোগ করে দিতে বাধ্য থাকবেন।

প্রাইভেট ফস্টার কেয়ারার যে কাজগুলো করতে পারবেন না

প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে থাকার মানে এই নয় যে কেয়ারার তোমার মা কিংবা বাবা হয়ে গেছেন, তুমি কিন্তু তোমার আসল মা-বাবার সন্তানই রয়ে গেছ। সুতরাং তোমার প্রাইভেট ফস্টার কেয়ার নিম্নলিখিত কাজগুলো করতে পারবেন না:

- তোমার নাম বদলাতে পারবেন না;
- তোমার স্কুল বদলাতে পারবেন না;
- অন্য কোনো পরিবারের হেফাজতে তোমাকে রাখতে পারবেন না;
- এই দেশের অন্য কোনো স্থানে নিয়ে যেতে পারবেন না
- তোমার মা-বাবাকে না বলে এবং তাদের অনুমতি না নিয়ে অন্য কোনো দেশে তোমাকে নিয়ে যেতে পারবেন না।

অনুমিত দেওয়ার মানে হল কোনো কিছু চাইলে সেটির উত্তরে “হা” বলা। তোমার মা-বাবার অনুমতি না নিয়ে গুরুতর অসুখ বিসুখ বা মারাত্মক জখমের চিকিৎসার জন্য বড় ধরনের চিকিৎসা তোমাকে দেওয়া যাবে না। তবে জরুরী অবস্থা দেখা দিলে অথবা তাৎক্ষণিক ভাবে তোমার মা-বাবার সাথে যোগাযোগ করা সম্ভব না হলে তখন চিকিৎসার ব্যাপারে ডাক্তার সিদ্ধান্ত নেবেন।

তোমার প্রাইভেট ফস্টার কেয়ারারের সাথে থাকতে সমস্যা হচ্ছে কি ?

যদি তাই হয় তবে তুমি ফোন করতে পারো:

- চাইল্ডলাইনকে (ChildLine) 0800 1111 নাম্বারে
- দি লাইনকে (The Line) 0808 884444 নাম্বারে

নতুবা www.childline.org.uk ওয়েবসাইটে গিয়ে বিস্তারিত জেনে নাও।

আপনি কি একজন প্রাইভেট ফস্টার কেয়ারার ?

আপনি যদি একজন প্রাইভেট ফস্টার কেয়ারার হন অর্থাৎ অন্য কারোর বাচ্চাকে 28 বা আরো বেশি দিন ধরে দেখাশোনা করতে থাকেন তবে আইন অনুযায়ী আপনার লোক্যাল কাউন্সিলকে তা জানাতে আপনি বাধ্য থাকবেন।

- কোনো বাচ্চাকে 28 বা বেশি দিন দেখাশোনা করার চুক্তি করার পরপরই লোক্যাল কাউন্সিলকে তা জানাতে হবে।
- বাচ্চা যখন আপনার হেফাজত থেকে চলে যাওয়ার খবরটি সহ বাচ্চা কার হেফাজতে ছিল তাও লোক্যাল কাউন্সিলকে জানাতে হবে।

প্রাইভেট ফস্টারিং চুক্তি সম্পর্কে কাউন্সিলকে না জানালে তা দন্ডনীয় অপরাধ হিসাবে গন্য হবে।

আপনার লোক্যাল কাউন্সিলের বিস্তারিত এই ওয়েবসাইটে পাবেন: www.somebodyelseschild.org.uk/notify

প্রাইভেট ফস্টারিং চুক্তি সম্পর্কে জানার পর লোক্যাল কাউন্সিল যা যা করবে

প্রতিটি লোক্যাল কাউন্সিলের আইনানুগ দায়িত্ব হল প্রাইভেট ফস্টারিং এর অধীন প্রতিটি বাচ্চাকে উপযুক্ত কেয়ারার যথাযথ পরিবেশে হেফাজত করছেন কি না তা নিশ্চিত করা। বাচ্চাটি নিরাপদ রয়েছে কি না এবং তার প্রয়োজনগুলো মিটানো হচ্ছে কি না, ইত্যাদি নিশ্চিত হওয়ার জন্যই উপরোক্ত কাজগুলো করে নিতে প্রতিটি কাউন্সিল বাধ্য রয়েছে। তা না হলে কোনো কোনো ক্ষেত্রে বাচ্চার মা/বাবা জানতে পারবেন না তাদের বাচ্চাকে ঠিক মত হেফাজত করা হচ্ছে কি না।

প্রাইভেট ফস্টারিং চুক্তি সম্পর্কে আপনার কাছ থেকে জানার পর কাউন্সিল:

- কাউন্সিলের লোক প্রাইভেট ফস্টার কেয়ারার ও বাচ্চাটির সাথে নিয়মিত ভাবে দেখা করে কথা বলবেন;
- বাচ্চার মা-বাবার সাথেও কথা বলবেন;
- প্রয়োজন বোধে সাহায্য ও পরামর্শ প্রদান করবেন।

তবে, যদি লোক্যাল কাউন্সিল মনে করেন যে, বাচ্চাটিকে যেখানে রাখা হয়েছে তা উপযুক্ত নয় এবং বাচ্চাকে তার মা-বাবার কাছে ফেরত পাঠানোও সম্ভব নয়, তবে বাচ্চাটির নিরাপত্তার ব্যাপারে করণীয় কাজগুলোর ব্যাপারে তারা সিদ্ধান্ত নেবেন। তা করতে গিয়ে কাউন্সিল হয়ত বর্তমান কেয়ারারের জন্য সহায়তার ব্যবস্থা করবে এবং কোনো কোনো ক্ষেত্রে বাচ্চাকে কাউন্সিলের হেফাজতে নিয়ে নেবেন।

আপনার লোক্যাল কাউন্সিলের সাথে যোগাযোগ করতে প্রস্তুত নন ?

আপনি যদি একজন প্রাইভেট ফস্টার কেয়ারার হন বা আপনার বাচ্চা যদি প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে থাকে অথবা আপনার জানামতে কোনো বাচ্চাকে প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে রাখা হয়ে থাকলে, আইন অনুযায়ী লোক্যাল কাউন্সিলকে তা জানাতে আপনি বাধ্য থাকবেন।

তবে, কাউন্সিলের সাথে যোগাযোগ করার আগে যদি বিষয়টি নিয়ে কারোর সাথে আলাপ করতে চান তাহলে দয়া করে আপনার এলাকার বি.এ.এ.এফ পরামর্শ লাইনে ফোন করুন:

- **সাউথ ইংল্যান্ড: 020 7421 2670**
- **সেন্ট্রেল এবং নর্থ ইংল্যান্ড: 0870 241 0663**
- **ওয়েলস: 029 2076 1155 অথবা 01745 336336**

বিকল্প হিসাবে নিচের যে কোনো একটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করুন:

চিলড্রেন্স লিগ্যাল সেন্টার (Children’s Legal Centre)

0845 120 2948

www.childrenslegalcentre.com

সমগ্র ইউ.কে জুড়ে বাচ্চাদের, বাচ্চাদের অভিভাবকদের এবং পেশাজীবিদের জন্য আইনগত পরামর্শ এবং প্রতিনিধিত্ব করার ক্ষেত্রে চিলড্রেন্স লিগ্যাল সেন্টারের বহু বছরের অভিজ্ঞতা রয়েছে।

ভিক্টোরিয়া ক্লাইম্বি ফাউন্ডেশন (Victoria Climbie Foundation)

020 8574 4121

www.victoria-climbie.org.uk

পরিবারগুলোকে নানান ধরনের সমস্যায় সাহায্য করার উদ্দেশ্যে এই ফাউন্ডেশন গঠন করা হয়েছে। এর মধ্যে রয়েছে আইনগত অধিকার, এবং বাচ্চাদের প্রতিরক্ষার ব্যাপারে পরামর্শ।

প্রিজনার্স ফ্যামিলিজ হেল্পলাইন (Prisoners' Families Helpline)

0808 8082003

www.prisonersfamilieshelpline.org.uk

জেলখানার অধিবাসী কোনো মা/বাবার বাচ্চাকে যদি আপনি লালন পালন করেন তবে আপনি প্রিজনার্স ফ্যামিলিজ হেল্পলাইনে ফোন করে পরামর্শ নিতে পারেন। এটি একটি ফ্রি টেলিফোন সার্ভিস। আপনার আলাপ আলোচনা সম্পূর্ণরূপে গোপন রাখা হবে।

ইন্টারন্যাশন্যাল সোশ্যাল সার্ভিস ইউ.কে (International Social Service UK - ISS UK)

www.issuk.org.uk

0207 735 8941

ISS UK একটি রেজিসন্টার্ড চ্যারিটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দুই বা ততোধিক দেশের সাথে সম্পর্কযুক্ত বাচ্চা ও পরিবারের নিরাপত্তার ব্যাপারে ব্যক্তিবর্গ এবং পেশাজীবিদেরকে সাহায্য করে। ISS UK-র একটি তথ্য ও পরামর্শ লাইন রয়েছে যা সোমবার থেকে শুক্রবার 10:00-13:00 টা এবং 14:00-16:00 টা পর্যন্ত খোলা থাকে।

তাছাড়া তাদেরকে এই ঠিকানায় ইমেইল করতে পারেন: info@issuk.org.uk

যে বাচ্চাকে হেফাজত করছেন সে বাচ্চা সম্পর্কে আপনার যা যা জানা থাকা দরকার

বাচ্চা সম্পর্কে জানা ও তাকে ভালভাবে লালন পালন করার স্বার্থে বাচ্চাটির মা-বাবা অথবা ঘনিষ্ঠ সম্পর্কের আত্মীয়দের কাছ থেকে বাচ্চাটি সম্পর্কে জেনে নেবেন।

যেসব বিষয়ে জেনে নেবেন সেগুলোর মধ্যে রয়েছে:

- পূর্ব ইতিহাস
- স্বাস্থ্যগত ইতিহাস
- কি কি খেতে পছন্দ করে
- স্কুল
- ধর্মীয়, সাংস্কৃতিক বা জাতিগত পটভূমি
- শখ

কোনো বাচ্চা প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে রয়েছে জানতে পারলে যা যা করতে হবে

যদি আপনি জানতে পারেন যে কোনো একটি বাচ্চা প্রাইভেট ফস্টার কেয়ারারের হেফাজতে রয়েছে তবে অবহেলা করবেন না। বাচ্চাটি হয়ত ভালই আছে। তারপরেও বাচ্চাকে ফস্টার কেয়ারারের হেফাজতে রাখার খবরটি লোক্যাল কাউন্সিলকে জানানো একটি আইনানুগ দায়িত্ব। যথাযথ ক্ষেত্রে বাচ্চার মা/বাবা অথবা কেয়ারারের সাথে কাউন্সিলকে জানানোর বিষয়টি নিয়ে আলাপ করে নিন। তা না হলে আপনি নিজেই কাউন্সিলের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার লোক্যাল কাউন্সিলের প্রাইভেট ফস্টারিং ডিপার্টমেন্টের বিস্তারিত জানতে চাইলে http://www.privatefostering.org.uk/councils ওয়েবসাইটে যান।

কাউন্সিলকে সরাসরি জানাতে স্বাচ্ছন্দ্য বোধ না করলে অনেকগুলো স্বতন্ত্র চ্যারিটির সাথে যোগাযোগ করে পরামর্শ নিতে পারেন। কয়েকটি চ্যারিটি প্রতিষ্ঠানের বিস্তারিত উপরে দেওয়া হয়েছে (আপনি কি একজন প্রাইভেট ফস্টার কেয়ারার? অধ্যায় দেখুন)।